দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL-20 2006 ...
পৃষ্ঠা ১৮ কলাম ... ৫

# শালিখায় ছাত্র-ছাত্রীর জন্য শিক্ষকরা ছুটছেন বাড়ি বাড়ি

॥ শালিখা (মাগুরা) থেকে সংবাদদাতা ॥

শালিখা উপজেলা ও এর আশপাশের কলেজগুলোতে এবার ছাত্র-ছাত্রীর আকাল চলছে।

ফলে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পরপরই বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকগণ ছাত্র-ছাত্রী সংগ্রহে মাঠে নেমে পড়েছে।

**শালিখা উপজেলায় কলেজ চারটি। এর মধ্যে একটি মহিলা। আশপাশে কাছাকাছি দূরত্বে আছে আরো পাঁচটি কলেজ। তাই ছাত্র-ছাত্রী ধরতে শিক্ষকরা ছুটছেন বাড়ি বাড়ি।**

এ উপজেলায় রয়েছে একটি মহিলা কলেজসহ ৪টি কলেজ এবং উপজেলার আশপাশে কাছাকাছি দূরত্বে রয়েছে আরো ৫টি কলেজ। ভালো রেজাল্ট করা ছাত্র-ছাত্রীরা শহরের কলেজগুলোর দিকে ছুটে যাচ্ছে। তাই মধ্যম মানের দরিদ্র ছাত্র-ছাত্রীরা এইসব কলেজের টার্গেটে পরিণত হয়েছে।

ফলে প্রতিটি কলেজের অধ্যক্ষ-অধ্যাপক স্ব স্ব কলেজের শ্রেষ্ঠত্বের দাবি করে ছাত্র-ছাত্রীদের জন্য নানা সুযোগ-সুবিধার প্রতিশ্রুতি দিচ্ছেন। প্রতিশ্রুতি সুযোগ-সুবিধার মধ্যে রয়েছে লজিং থাকার ব্যবস্থা, বিনামূল্যে বই প্রদান, স্বল্প টাকায় ভর্তি, বেতন ফ্রি, কম টাকায় ফর্ম পূরণ ইত্যাদি।

ছাত্র-ছাত্রীদের দৃষ্টি আকর্ষণের জন্য শহর-গঞ্জে কলেজের পক্ষ থেকে রং-বেরংয়ের পোস্টার লাগানো ও ব্যানার টাঙ্গানো হয়েছে। গ্রামের কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রী ভর্তির জন্য অভিভাবক ছাড়া স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের দ্বারস্থ হচ্ছে। এবার বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রী পাওয়া দুষ্কর হবে। এ ব্যাপারে বিজ্ঞান বিভাগের অধ্যাপক সবচাইতে বেশি দুশ্চিন্তায় রয়েছেন। কারণ ছাত্র-ছাত্রী না থাকলে কলেজই টিকিয়া রাখাই কষ্টকর হয়ে পড়বে।